

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ২৮ অক্টোবর ২০২১

২৬ অক্টোবর ২০২১ তারিখ সেতু বিভাগের অধীন “ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ” শীর্ষক প্রকল্পটি চীনা অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে চীনা এক্সিম ব্যাংক ও বাংলাদেশ সরকারের মধ্যে প্রকল্পটির খণ্ড চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় চীনা এক্সিম ব্যাংক ১১২৬.৯৯ মিলিয়ন মার্কিন ডলার (সমপরিমাণ ৯,৪৭২.৭২ কোটি টাকা) Preferential Buyer's Credit (PBC) খণ্ড প্রদান করবে। বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব জনাব মোঃ শাহুরিয়ার কাদের সিদ্দিকী এবং চীনা এক্সিম ব্যাংকের পক্ষে উক্ত ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার Ms. Zhang Tianqin প্রকল্পটির খণ্ড চুক্তি স্বাক্ষর করেন।

PBC খণ্ড চুক্তি অনুযায়ী আলোচ্য প্রকল্পের বার্ষিক সুদের হার ২%, ৫ বছর গ্রেস পিরিয়ড'সহ ২০ বছর মেয়াদী শর্তে চীনা এক্সিম ব্যাংক এই খণ্ডের অর্থ প্রদান করবে। আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকা ও এর পার্শ্ববর্তী আশুলিয়া অংশে যানজট হাস করা যাবে। প্রস্তাবিত ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পটি ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের সাথে সংযুক্ত হবে এবং এটি এশিয়ান হাইওয়ের এলাইনমেন্টের মধ্যে অবস্থিত। এটি বাস্তবায়িত হলে ঢাকার সাথে ৩০টি জেলার সংযোগ স্থাপনকারী আবদুল্লাহপুর-আশুলিয়া-বাইপাইল-চন্দ্রা করিডোরে যানজট অনেকাংশে হাস পাবে।

উল্লেখ্য, চীন বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন প্রকল্পে অর্থায়ন করেছে। এগুলোর মধ্যে উল্লেখ্যযোগ্য হলো পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প, ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ, কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ, ইনফো-সরকার (ফেজ-৩), ইনস্টলেশন অব সিঙ্কেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন প্রকল্প ইত্যাদি।

আরও উল্লেখ্য, ২০১৬ সালে চীনের মান্যবর প্রেসিডেন্টের বাংলাদেশ সফরকালে স্বাক্ষরিত Strengthening and Production Capacity Cooperation শীর্ষক MoU-তে আনুমানিক ২০ বিলিয়ন মার্কিন ডলার মূল্যমানের যে ২৭টি প্রকল্প বাস্তবায়নের জন্য অন্তর্ভুক্ত রয়েছে তার মধ্যে এ পর্যন্ত ৭.৮০ বিলিয়ন ব্যয়ের ৮টি প্রকল্পের খণ্ডচুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ প্রকল্পটি দু'দেশের মধ্যে স্বাক্ষরিত উক্ত বিনিয়োগ সংক্রান্ত সময়োত্তা স্মারকে অন্তর্ভুক্ত রয়েছে।